



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৭৯৭৯

তারিখ: ০৮ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২২ জানুয়ারী, ২০২০ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

দ্বিমুড়া রহমানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: সুঘর, উপজেলা: বাহুবল, জেলা: হবিগঞ্জ-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৯.১০.২০১৯ খ্রি. তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৯.০৪.২০২০ খ্রি. থেকে ২৮.০৪.২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলোঃ

শর্তসমূহ :

১. শূন্যপদে শিক্ষক-কর্মচারী নিয়োগের ব্যবস্থা করতে হবে।
২. আয়-ব্যয়ের হিসাব কলামনার ক্যাশ বইয়ে হালনাগাদ করতে হবে।
৩. সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৪. মাদরাসার সকল স্থাবর জমি মাদরাসার নামে খারিজ করে খাজনা পরিশোধ করতে হবে।
৫. শ্রেণিকক্ষে যথাযথ পাঠদান নিশ্চিত করতে হবে।
৬. গ্রন্থাগারে কিতাব/বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৭. ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের জন্য পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
৮. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
৯. ইলমে তাজবীদ ও আরবি ভাষা শিক্ষার প্রতি শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
১০. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


22.01.2020
(ড. জাহেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতি: দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

দ্বিমুড়া রহমানিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: সুঘর, উপজেলা: বাহুবল, জেলা: হবিগঞ্জ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৭৯৭৯

তারিখ: ০৮ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২২ জানুয়ারী, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইক্ষাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, দ্বিমুড়া রহমানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: সুঘর, উপজেলা: বাহুবল, জেলা: হবিগঞ্জ।
- ৭। অফিস নথি।



22/01/2020
(এস.এফ.এম. আস্‌আদ আউয়াল)
সেকশন অফিসার
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৬৮০-১৪৭৬১৩